# উপজেলা পরিষদ
## নীলফামারী সদর, নীলফামারী।

### নীলফামারী সদর উপজেলা পরিষদ এর জুলাই, ২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ সাইফুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও প্রশাসক<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ৩০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ। |
| সময় | ঃ | বিকাল ১২.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, নীলফামারী সদর উপস্থিত সকলকে স্বাগত সভার কাজ আরম্ভ করা হয় এবং গত ২৫-০৬-২০২৫ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় এবং বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৭টি কমিউনিটি ক্লিনিক সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত চালু রেখে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। গত জুন ২০২৫ মাস পর্যন্ত ২১৯ জন এএনসি (ANC) ও ৮১ জনকে পিএনসি(PNC) সেবা প্রদান করা হয়। ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br><u>ইপিআই কভারেজঃ</u> জুন ২০২৫ মাস পর্যন্ত বিসিজি-৪৪%, পেন্টা ১-৭৭%, পেন্টা ২-৭৭%, পেন্টা ৩-৭৭%, এমআর ১-৮৯%, এমআর ২-৭৭%। সার্ভিল্যান্স কার্যক্রম চালু রয়েছে।<br><u>স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমঃ</u> নীলফামারী সদর উপজেলায় ইপিআই আউটরিচ কেন্দ্র ও বিদ্যালয়ে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।<br><u>ডায়রিয়াঃ</u> জুন ২০২৫ মাসে ডায়রিয়া রোগী ২০১ জন। ডায়রিয়া বিষয়ে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম জোড়দার করা হয়েছে এবং প্রতি ইউনিয়নে ০১টি করে মেডিকেল টিম গঠন করা হয়েছে।<br><u>যক্ষাঃ</u> জুন ২০২৫ মাসে মোট ৮৪ জন যক্ষা রোগী সনাক্ত করা হয়। এমডিআর রোগী নাই।<br><u>কুষ্ঠঃ</u> জুন ২০২৫ মাসে ২০ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়। সন্দেহ জনক কুষ্ঠ রোগী সনাক করনে কার্যক্রম চালু রয়ে।<br><u>স্যানিটেশন কার্যক্রমঃ</u> হাট-বাজার পরিদর্শন ১৪টি, মোবাইল কোর্ট-১৬, নমুনা প্রেরণ-০১, মামলা-১৬, জরিমানা-৪২,০০০/- টাকা। | ১। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীকে স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br>২। কমিউনিটি ক্লিনিক গুলো নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>০২.উপজেলা কৃষি বিভাগঃ</u> উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর, নীলফামারী এর কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি মৌসুমে রোপা আমন ধানের আর্জন ২৮১০৭ হেঃ। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ রোপা আমন ধানের উপরি সার প্রয়োগসহ কৃষক পরামর্শ প্রদান করে যাচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। জুলাই ২০২৫ মাসের ইউরিয়া সারের বরাদ্দ ৩৯৩.৮০ মেঃ টন ও ডিএপি সারের বরাদ্দ ৬৫১ মেঃ টন, টিএসপি সারের বরাদ্দ ৮০.৫৫ মেঃ টন, এমওপি সারের বরাদ্দ ৩৯৩.৮০ মেঃ টন। ২৯/৭/২০২৫ তারিখ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ৬২৬ মেঃ টন, টিএসপি সারের মজুদ ২১.৭০ মেঃ টন, এমওপি সারের মজুদ ৩৪২.৪০ মেঃ টন ও ডিএপি সারের মজুদ ১৭৯.২০ মেঃ টন। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য উপজেলা কৃষি অফিসার, নীলফামারী সদরকে অনুরোধ করেন। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>২। ভেজাল কীটনাশক বন্ধে দোকানসমূহে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।<br>৩। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আদর্শ মৎস্য চাষীকে আধুনিক পদ্ধতিতে মাছ চাষের প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মৎস্য চাষীর নামের তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ১। আধুনিক পদ্ধতিতে মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে<br>২। আদর্শ মৎস্য চাষীর নামের তালিকা ইউপি চেয়ারম্যানগণ দাখিল করবেন। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, টিকাদান কর্মসূচির আওতায় ৬০০০টি হাঁসমুরগির টিকা প্রদান করা হয়েছে। চিকিৎসা প্রদান কর্মসূচির আওতায় ২১৩২টি গবাদি পশু ও ১২১০৯টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। বেসরকারিভাবে ১টি গবাদি পশুর স্থাপন করা হয়েছে। কৃত্রিম প্রজনন কর্মসূচির আওতায় হিমায়িত সিমেনদ্বারা ৮৪৭টি ও তরল সিমেনদ্বারা ৬৮২টি প্রজনন করা হয়েছে। উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে ৫টি। ৩ একর পাকচং ঘাস চাষ হয়েছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল ০২টি ফ্রি ভেটেরেনারি মেডিকেল টিমের কার্যক্রম চলমান রয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে প্রশিক্ষণের মাধ্যমে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি-১০৮,১৫৮ জন, সর্বমোট গ্রহণকারী-৮৯১২৫জন, পদ্ধতি গ্রহণকারীর হার-৮২.৩৮%, মোট গর্ভবতী ৩৫০৮ জন, স্বাভাবিক প্রসব-ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৩০জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে-১১জন।<br>জুন ২০২৫ মাসে খাবার বড়ি ২৬৫ চক্র, আপন ৭০ চক্র, কনডম ৭৩৪৫পিস, ইনজেকশন ২০০৫ ভায়াল বিতরণ করা হয়েছে এবং আই.ইউ.ডি ০৪ জন, ও ই.সি.পি ০১ জন প্রদান করা হয়েছে। এছাড়াও ০১ জন পুরুষ ও ০৮জন মহিলাকে স্থায়ী পদ্ধতি প্রদান করা হয়েছে। লক্ষীচাপ ইউনিয়নের ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র দ্রুত চালুর জন্য চেয়ারম্যান, লক্ষীচাপ ইউপি অনুরোধ জানান। | ১। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান।<br>২। লক্ষীচাপ ইউনিয়নের ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র দ্রুত চালুর ব্যবস্থা করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তিনি গত ২৮/৭/২০২৫ তারিখ যোগদান করেছেন। সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এলজিইডির আওতায় সকল কার্যক্রমে সকলে সহযোগিতা করবেন মর্মে আশ্বাস প্রদান করেন। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে সকল প্রকার ভাতাভোগীদের অনুকূলে ভাতা বিতরণের জন্য লাইভ ভেরিফেকেশন কার্যক্রম সম্পন্ন করে ভাতা বিতরণ করা হয়েছে। | সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার নীলফামারী সদর |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারীর প্রতিনিধি সভায় জানান যে, "জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ" কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রে উপকারভোগী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচন চলমান। | নীতিমালার আলোকে ভিডব্লিউবি এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচন করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউপি নীলফামারী সদর |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী জানান যে, " সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ১৮০টি অগভীর নলকূপ স্থাপন কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নীলফামারী সদর |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। উক্ত বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমুহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |

চলমান

| | | |
|---|---|---|
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চওড়াবড়গাছা ও লক্ষীচাপ ইউনিয়নে গাভীপালন প্রকল্প চলমান। উক্ত প্রকল্পের ঋণখেলাপীর সংখ্যা ৪৮ জন। ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান। এছাড়াও নীলফামারী সদর উপজেলায় ৭(সাত)টি পরীক্ষা কেন্দ্রে এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। | শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত পাঠদান কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি ২০২৫-২৬ অর্থ বছরে অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ইউপি চেয়ারম্যানগণ অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প দাখিল করবেন। | চেয়ারম্যান, সকল ইউপি, নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে ভারপ্রাপ্ত কর্মকর্তা সভায় জানান যে, গত ২৫/৭/২০২৫ তারিখ নীলফামারী শহীদ মিনার প্রাঙ্গণে বৃক্ষমেলার উদ্বোধন করা হয়েছে। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। বৃক্ষ রোপনে জনগণকে উৎসাহ প্রদান করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>(১) খাদ্যগুদামে বর্তমান মজুদ ঃ<br>চাল -৭২১৮.০০০ মেঃ টন, ধান-২৯৯.৫৫০ মেঃ টন, গম-০.০০০ মেঃ টন<br>(২) সংগ্রহ কার্যক্রম ঃ অভ্যন্তরীন বোরো সংগ্রহ/২০২৫ শুরু হয়েছে।<br>(৩) বিলি/বিতরণ ঃ জিআর, ইপি,ওপি, ভিডব্লিউবি, ওএমএস ও টিসিবি খাতে খাদ্যশস্য বিলি বিতরণ চলছে।<br>(৪) বাজারদর ঃ ধান - ৩২/- থেকে ৩৩/- প্রতি কেজি দর<br>চাল - ৪৭/- থেকে ৪৯/- " " "<br>গম - ৪৮/- থেকে ৫০/- " " "<br>আটা - ৫৪/- থেকে ৫৬/- " " "<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- " " "<br>চিনি - ১৩৫/- থেকে ১৪০/- " " "<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- " " "<br>সয়াবিন তেল-১৯০/- থেকে ১৯৫/- " " "<br>(৫) ওএমএস কার্যক্রম ঃ নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রয় কার্যক্রম ১ জুলাই ২০২৫ হতে চলমান। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা।<br>(৬) ভিডব্লিউবি কার্যক্রমঃ ২০২৫-২০২৬ অর্থ বছরে ভিডব্লিউবি খাতে অদ্যাবধি বরাদ্দ পাওয়া যায় নি। বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে চালের ডিও ইস্যু করা হবে।<br>(৭) চাল/ধান সংগ্রহ/২০২৪-২০২৫ বোরো সংগ্রহ/২০২৫ কার্যক্রম গত ২৪ এপ্রিল ২০২৫ তারিখ শুরু হয়েছে। বোরো সংগ্রহ ২০২৫ মৌসুমে নীলফামারী সদর উপজেলায় ১৬১৬৫ মেঃ টন বোরো সিদ্ধ চাল ও ১৭০২ মেঃ টন বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। প্রতি কেজি সিদ্ধ চালের সংগ্রহ মূল্য ৪৯/- (উনপঞ্চাশ) টাকা এবং বোরো ধানের সংগ্রহ মূল্য মূল্য ৩৬/- (ছত্রিশ) টাকা। চলমান বোরো সংগ্রহ ২০২৫ মৌসুমে অদ্যাবধি ১১০৯৯.০০০ মেঃ টন বোরো চাল সংগ্রহ করা হয়েছে এবং ধান সংগ্রহ শতভাগ সমাপ্ত হয়েছে। | ১। সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। লক্ষ্য মাত্রা অনুযায়ী অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৫ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>৩। খাদ্যবান্ধব কর্মসূচীতে নতুন নাম অন্তর্ভূক্ত করার জন্য ৩টি ইউনিয়ন পরিষদ (ইটাখোলা, কুন্দপুকুর ও চাড়াইখোলা) হতে আগামী ৩১/৭/২০২৫ তারিখের মধ্যে তালিকা দাখিল করতে হবে। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর।<br>২। চেয়ারম্যান ইটাখোলা, কুন্দপুকুর ও চড়াইখোলা ইউপি নীলফামারী সদর। |

চলমান

| | | |
|---|---|---|
| (৮) টিসিবি ঃ টিসিবি খাতে জুলাই ২০২৫ মাসে অত্র উপজেলার ১৫টি ইউনিয়ন ও নীলফামারী পৌরসভায় ১৩৭.৭৪০ মেঃ টন চাল বিলি বিতরণ করা হয়েছে।<br>(৯) খাদ্যবান্ধব কর্মসূচীঃ<br>নীলফামারী সদর উপজেলায় ৩০৭১৩ জন হতদরিদ্র খাদ্য বান্ধব ভোক্তা রয়েছে। অত্র উপজেলায় আরও ২০০০ জন নতুন ভোক্তা তালিকায় অন্তর্ভুক্ত করার অনুমোদন পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে নতুন ভোক্তার নামের তালিকা প্রাপ্তির জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি ১২ টি ইউনিয়ন পরিষদ হতে তালিকার হার্ডকপি পাওয়া যায় এবং ৩টি ইউনিয়ন পরিষদ (ইটাখোলা, কুন্দপুকুর ও চাড়াইখোলা) হতে তালিকা পাওয়া যায়নি। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক আগামী আগষ্ট ২০২৫ মাস হতে নভেম্বর ২০২৫ মাস পর্যন্ত খাদ্যবান্ধব খাতে চাল বিলি বিতরণ করা হবে। | | |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের জুন ২০২৫ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। পাট ফসলের পুর্বাভাস (অংশ-১) প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। বোরো ফসলের মুল্য ও উৎপাদন হিসাব প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। বোরো ফসলের আনুমানিক হিসাব প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ের প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। আউস ফসলের আনুমানিক হিসাব প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>এছাড়াও অর্থনৈতিক শুমারির গ্রাম ভিত্তিক প্রতিবেদন প্রকাশ কা হয়েছে। | সকল প্রকার প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর মাসিক কার্যাবলীর অংশ হিসেবে গত ০৩/০৬/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে ইউনিয়ন দলনেতা/দলনেত্রী, ওয়ার্ড দলনেতা/দলনেত্রী, ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার, ইউনিয়ন সহকারী প্লাটুন কমান্ডার, উপজেলা আনসার কোম্পানী কমান্ডার, সহকারী উপজেলা আনসার কোম্পানী কমান্ডার ও উপজেলা মহিলা আনসার কমান্ডারগণদের নিয়ে মাসিক সভার আয়োজন করা হয়। উক্ত সভায় বাল্যবিবাহ রোধ, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন, বৃক্ষ রোপণ, মাদক বিরোধী কর্মকান্ড ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয়। মাসিক সভায় গত মাসের সার্বিক কর্মকান্ড সম্পর্কে আনসার ও ভিডিপি সদস্যদের মাঝে আলোচনা করা হয় এবং তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হয়।<br>তিনি আরও জানান যে, স্বাস্থ্যবিধি মেনে তার অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বাল্যবিবাহ রোধ, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন, বৃক্ষ রোপণ, মাদক বিরোধী কর্মকান্ড পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ সহকারী প্রকৌশলী জানান যে, চলতি রবি মৌসুমে বিএমডিএ'র আওতায় ৬৩টি গভীর নলকূপ ও ৪টি এলএলপি'র মাধ্যমে নীলফামারী সদর উপজেলা সেচ কার্যক্রম অব্যাহত রয়েছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |
| ২১. আইসিটি বিভাগঃ সহকারী প্রোগ্রামার জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় ৬টি ব্যাচের মধ্যে ৫টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ১টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তিনি আরোও জানান যে, এ উপজেলার অনেক সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল অদ্যাবধি হালনাগাদ করা হয়নি। তিনি সংশ্লিষ্ট সকলকে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান সকল/ চেয়ারম্যান, ইউপি সকল নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): নীলফামারী সদর ইউনিট অফিস, বিএডিসি নীলফামারী এর কার্যক্রম চলমান রয়েছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |

চলমান

| | | |
|---|---|---|
| ২৩. নির্বাচন কমিশনঃ উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, তার দপ্তরের কারক্রম কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরের উঠান বৈঠকসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গত অর্থ বছরের অনুমোদিত সকল প্রকল্প শতভাগ বাস্তবায়ন হয়েছে। চলতি অর্থ বছরে অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প বাস্তবায়ন করা হবে। উপজেলা পরিষদ আইন অনুযায়ী ১৭টি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১। ১৭টি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সদস্য সচিব (সকল) ১৭টি কমিটি, উপজেলা পরিষদ নীলফামারী সদর, নীলফামারী। |
| ২৭. গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পঃ উপজেলা সমন্বয়কারী, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প ৩য় পর্যায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের কার্যক্রম চলমান। গ্রাম আদালতে মামলার চেয়ে নিষ্পত্তির হার অনেক কম। তিনি মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | গ্রাম আদালতে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) নীলফামারী সদর। |

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.২৭(৪৫)

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ৩০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, নীলফামারী।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
০৬। উপজেলা.........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।
০৭। চেয়ারম্যান,....................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner